# NYC Health + Hospitals এর Pride Health পরিষেবা

LGBTQ+ ব্যক্তিদের জন্য একটি নিরাপদ ও স্বাগতপূর্ণ স্বাস্থ্যসেবার পরিবেশ



Care for NYC. No Exceptions.

NYC HEALTH+ HOSPITALS



## আমরা একজন সহযোগী

NYC Health + Hospitals-এর প্রতিশ্রুতি হলো **লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল, ট্রান্সজেন্ডার এবং কুইয়ার+ (LGBTQ+) নিউ ইয়র্কবাসীদেরকে সম্ভাব্য সবচেয়ে স্বাস্থ্যকর জীবনযাপনে সক্ষম করে তোলা।** আমাদের স্বাস্থ্য ব্যবস্থা একটি স্বাগতপূর্ণ পরিবেশে সংবেদনশীল, সহানুভূতিশীল এবং সম্মানজনক সেবা প্রদান করে। আমাদের একটি রোগীকেন্দ্রিক পদ্ধতি রয়েছে, যা রোগীদের ব্যবহৃত ভাষা বা অভিবাসনগত অবস্থা নির্বিশেষে অর্থবহ সেবা প্রাপ্তি নিশ্চিত করে। দোভাষী পরিষেবার ব্যবস্থা রয়েছে।

একজন সহযোগী হিসেবে, আমরা নাগরিক অধিকার এবং LGBTQ+ স্বাস্থ্য সমতাকে সমর্থন করি। আমাদের সকল স্বাস্থ্যসেবা কেন্দ্রে LGBTQ+ রোগী ও তাদের পরিবারবৃন্দের জন্য ভিজিট করার অধিকার উন্মুক্ত রয়েছে—এবং আমরা যৌন অভিমুখিতা, লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তির ভিত্তিতে কোনো ধরনের বৈষম্য সহ্য করি না।

## আপনার প্রয়োজন অনুযায়ী স্বাস্থ্যসেবা

আমরা বুঝতে পারি যে, LGBTQ+ কমিউনিটির একজন সদস্য হিসেবে, আপনার স্বাস্থ্যসেবা সংক্রান্ত কিছু বিশেষ প্রয়োজন ও উদ্বেগ থাকতে পারে। আমাদের Pride Health পরিষেবা LGBTQ+ নিউ ইয়র্কবাসীদের জন্য সমর্থনমূলক স্বাস্থ্যসেবা প্রদান করে। **এসব স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রোভাইডাররা ব্যাপক প্রশিক্ষণ লাভ করেছেন যাতে তারা সাংস্কৃতিকভাবে সংবেদনশীল সেবা প্রদান করতে পারেন।** আমাদের চিকিৎসকরা একটি নিরাপদ ও বন্ধুত্বপূর্ণ পরিবেশে আপনার স্বাস্থ্য সংক্রান্ত সকল প্রয়োজন মেটাতে এবং আপনার সকল প্রশ্নের উত্তর দিতে পাশে আছেন।

## আমাদের সেবাসমূহ

+ প্রাইমারি কেয়ার, যার মধ্যে রয়েছে টিকাদান, হরমোন থেরাপি এবং অস্ত্রোপচারের জন্য রেফারাল
+ আচরণগত স্বাস্থ্য পরিষেবা এবং রেফারাল
+ প্রি-এক্সপোজার প্রফিল্যাক্সিস (Pre-exposure prophylaxis, PrEP)
+ পোস্ট-এক্সপোজার প্রফিল্যাক্সিস (Post-exposure prophylaxis, PEP)
+ এইচআইভি পরীক্ষা এবং চিকিৎসা
+ যৌনবাহিত সংক্রমণ (Sexually transmitted infection, STI) পরীক্ষা এবং চিকিৎসা
+ বিমা সংক্রান্ত দিকনির্দেশনা ও তালিকাভুক্তি
+ Elmhurst, Jacobi, Judson এবং Metropolitan-এ বয়ঃসন্ধি রোধকারী ওষুধ
+ Bellevue, Elmhurst, Gouverneur, Jacobi, এবং Lincoln-এ সমর্থনমূলক প্রসূতি/স্ত্রীরোগ বিষয়ক সেবা; স্ত্রীরোগ বিষয়ক সেবা শুধু Judson, Metropolitan এবং Woodhull-এ পাওয়া যায়





এছাড়াও আমরা নিম্নোক্ত স্থানসমূহে **লিঙ্গ-নিশ্চিতকরণ সার্জারি** পরিচালনা করে থাকি:

### Elmhurst

+ হিস্টেরেক্টমি (জরায়ু অপসারণ), ওফোরেক্টমি (ডিম্বাশয় অপসারণ), চিকবোন অগমেন্টেশন (গালের হাড় বৃদ্ধি), জেনিওপ্লাস্টি (চিবুক পুনর্গঠন), ফ্রন্টাল বোন রিশেপিং (কপালের হাড় পুনর্বিন্যাস), ফ্রন্টাল ব্রো লিফ্ট (ভ্রূ উত্তোলন), হেয়ারলাইন লোয়ারিং (চুলের রেখা নামানো), অ্যাঙ্গেল রিসেকশন (চোয়ালের কোণ পুনর্গঠন)

### Lincoln

+ ব্রেস্ট ইমপ্ল্যান্ট (স্তনে ইমপ্ল্যান্ট স্থাপন), ব্রেস্ট অগমেন্টেশন (স্তন বর্ধিতকরণ), ম্যাস্টেক্টমি (স্তন/বক্ষ অপসারণ), ব্রেস্ট রিডাকশন (স্তন ছোট করা), হিস্টেরেক্টমি (জরায়ু অপসারণ), ওফোরেক্টমি (ডিম্বাশয় অপসারণ), সেপ্টোপ্লাস্টি (নাকের পর্দা পুনর্গঠন), জেনিওপ্লাস্টি (চিবুক পুনর্গঠন), ফ্রন্টাল বোন রিশেপিং (কপালের হাড় পুনর্বিন্যাস), ফ্রন্টাল ব্রো লিফ্ট (ভ্রূ উত্তোলন), ফ্রন্টাল সাইনাস রিসেট (কপালের সাইনাস পুনঃস্থাপন), হেয়ারলাইন লোয়ারিং (চুলের রেখা নামানো)

### Jacobi

+ হিস্টেরেক্টমি (জরায়ু অপসারণ), ওফোরেক্টমি (ডিম্বাশয় অপসারণ)

### Metropolitan

+ ব্রেস্ট ইমপ্ল্যান্ট (স্তনে ইমপ্ল্যান্ট স্থাপন), ব্রেস্ট অগমেন্টেশন (স্তন বর্ধিতকরণ), ম্যাস্টেক্টমি (বক্ষ/স্তন অপসারণ), ব্রেস্ট রিডাকশন (স্তন ছোট করা), হিস্টেরেক্টমি (জরায়ু অপসারণ), ওফোরেক্টমি (ডিম্বাশয় অপসারণ), চিকবোন অগমেন্টেশন (গালের হাড় বৃদ্ধি), সেপ্টোপ্লাস্টি (নাকের পর্দা পুনর্গঠন), জেনিওপ্লাস্টি (চিবুক পুনর্গঠন), ফ্রন্টাল বোন রিশেপিং (কপালের হাড় পুনর্বিন্যাস), ফ্রন্টাল ব্রো লিফ্ট (ভ্রূ উত্তোলন), ফ্রন্টাল সাইনাস রিসেট (কপালের সাইনাস পুনঃস্থাপন), হেয়ারলাইন লোয়ারিং (চুলের রেখা নামানো), রাইনোপ্লাস্টি (নাক পুনর্গঠন), ট্রাকিয়াল শেভ (শ্বাসনালী সমতলকরণ), অ্যাঙ্গেল রিসেকশন (চোয়ালের কোণ পুনর্গঠন)

LGBTQ+ পরিষেবা সম্পর্কে আরো জানতে, পিছনের কভারে থাকা QR কোডটি স্ক্যান করুন।

## স্থানসমূহ:

### Brooklyn

NYC Health + Hospitals/Woodhull
রোগীর বয়স: প্রাপ্তবয়স্ক (18+)
760 Broadway, Room 2B-151 (Main Floor)
Brooklyn, NY 11206
ফোন: 718-963-8301
ইমেইল: valerie.santangelo@nychhc.org

### Bronx

NYC Health + Hospitals/Jacobi
রোগীর বয়স: সকল বয়সের
1400 Pelham Parkway South, Building 8
1st Floor, Suite 1D, Bronx, NY 10461
ফোন: 718-918-7787

NYC Health + Hospitals/Lincoln
রোগীর বয়স: প্রাপ্তবয়স্ক (18+)
234 East 149th Street, 8th Floor, Suite 8A
Bronx, NY 10451
ফোন: 718-579-5264

### Manhattan

NYC Health + Hospitals/Bellevue
রোগীর বয়স: প্রাপ্তবয়স্ক (18+)
462 First Avenue, New York, NY 10016
ফোন: 332-259-0404

NYC Health + Hospitals/Gotham Health, Gouverneur
রোগীর বয়স: প্রাপ্তবয়স্ক (18+)
227 Madison Street, 2nd Floor
New York, NY 10002
ফোন: 212-441-5469
ইমেইল: gouvlgbtq@nychhc.org

NYC Health + Hospitals/Gotham Health, Judson
রোগীর বয়স: 11 বছর ও তারচেয়ে বেশি বয়সী
34 Spring Street, New York, NY 10012
ফোন: 212-925-5000, অপশন 2

NYC Health + Hospitals/Metropolitan
রোগীর বয়স: সকল বয়সের
1901 First Avenue, OPD Building
1st Floor, New York, NY 10029
ফোন: 212-423-7292
ইমেইল: metlgbt@nychhc.org

### Queens

NYC Health + Hospitals/Elmhurst
রোগীর বয়স: সকল বয়সের
7901 Broadway, Elmhurst, NY 11373
ফোন: 718-334-LGBT (718-334-5428)
ইমেইল: elmhurstPRIDE@nychhc.org

# আমরা NYC-কে সেবা দিই।
# কোনো ব্যতিক্রম ছাড়াই।

আমাদের পরিষেবা সম্পর্কে
আরো জানতে স্ক্যান করুন।

PARTNERS IN
LGBTQ+ CARE

সাথেই থাকুন। আমাদেরকে অনুসরণ করুন।

nychealthandhospitals.org

LGBTQ@nychhc.org